

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ০৬.০৮.২০২৩

'জাদুঘর বা সংগ্রহশালা ইতিহাস ও বিবর্তন: পরিপ্রেক্ষিত বাংলাদেশ জাতীয় জাদুঘর' শীর্ষক সেমিনার ও আলোচনা সভা

বাংলাদেশ জাতীয় জাদুঘরের ১১০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আগামী ০৭ আগস্ট ২০২৩, সোমবার, দুপুর ১২ টায় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'জাদুঘর বা সংগ্রহশালা ইতিহাস ও বিবর্তন: পরিপ্রেক্ষিত বাংলাদেশ জাতীয় জাদুঘর' শীর্ষক সেমিনার ও আলোচনা সভা আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব খলিল আহমদ। মূল প্রবন্ধ উপস্থাপন করবেন ইতিহাসবিদ ও বাংলাদেশ জাতীয় জাদুঘর পরিচালনা পর্ষদের সদস্য অধ্যাপক ড. সোনিয়া নিশাত আমিন। আলোচক হিসেবে উপস্থিত থাকবেন শিক্ষাবিদ ও বাংলাদেশ জাতীয় জাদুঘর পরিচালনা পর্ষদের সদস্য অধ্যাপক মাহফুজা খানম। স্বাগত বক্তব্য প্রদান করবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মোঃ কামরুজ্জামান। সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদের সভাপতি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

উক্ত সেমিনার ও আলোচনা সভার সংবাদ গ্রহণের জন্য আপনার বহুল প্রচারিত সংবাদ মাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

ড. শিহাব শাহরিয়ার
কীপার, জনশিক্ষা বিভাগ
বাংলাদেশ জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/ বার্তা পরিচালক

ঢাকা